$$28 = \square \times \square \times \square \times \square$$

$$135 \times 28$$

$$= 135 \times \square \times \square \times \square \times \square$$

$$= \square \times \square \times \square \times \square = \square$$



শিখন সামর্থ্য : মৌলিক উৎপাদকে বিশ্লেষণের সাহায্যে সহজে গুণের ধারণা।

সহজে ভাগ করি


উষার কাছে অনেকগুলো দেশলাই কাঠি আছে। আজ সে ঠিক করেছে সেই দেশলাই কাঠিগুলো সমান ভাগে ভাগ করে দেশলাই বাক্সে রাখবে। উষা গুনে দেখল তার কাছে 108 টি দেশলাই কাঠি আছে ও 6 টি দেশলাই বাক্স আছে।




আমি কি সমান সংখ্যায় ভাগ করে রাখতে পারব?
নতুনভাবে সহজে ভাগ করার চেষ্টা করি।



আমি প্রথমে $108 \div 2 = 54$ টি কাঠি নিয়ে ভাগ করি। 54 টি দেশলাই কাঠি 6 টি বাক্সে সমান সংখ্যায় রাখব।



প্রথমে 54 টি দেশলাই কাঠিকে 6 টি বাক্সে সমান সংখ্যায় ভাগ করে রাখলে প্রতি বাক্সে রাখলাম 9 টি কাঠি।
বাকি 54 টি দেশলাই কাঠি 6 টি বাক্সে সমান সংখ্যায় ভাগ করে রাখলে প্রতি বাক্সে $54 \div 6$ টি = $\boxed{\quad}$ টি রাখব।
এখন প্রতি বাক্সে মোট দেশলাই কাঠি হলো $\boxed{\quad}$ টি + $\boxed{\quad}$ টি = $\boxed{\quad}$ টি।



- ১) আমি রসকুঙ্গু গ্রামে থাকি। এবার শীতে আমাদের গ্রামের অনেকে মিলে মুকুটমণিপুরে বেড়াতে যাব। আমরা মোট 252 জন বেড়াতে যাব। আমরা ঠিক করেছি বাসে করে যাব।



কিন্তু কতগুলো বাস দরকার? যদি প্রতি বাসে 36 জন করে যাই তবে কতগুলো বাস দরকার হিসাব করে দেখি।

জন উঠবে ১টি বাসে

২৫২ জন উঠবে (÷) টি বাসে।



মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে ভাগ করার চেষ্টা করি।

কে মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করি।

36
|
2
|
18
|
2
|
9
|
3
|
3
|
1

$252 \div 2 = 126$
 $126 \div 2 = \boxed{}$
 $63 \div 3 = \boxed{}$
 $\boxed{} \div \boxed{} = \boxed{}$

$36 = \boxed{} \times \boxed{} \times \boxed{} \times \boxed{}$

অন্যভাবে লিখি

$$\begin{array}{r} 252 \\ \hline 2 | 126 \\ \hline 3 | 63 \\ \hline 3 | 21 \\ \hline 7 \end{array}$$

তাই আমাদের ৭ টি বাসের দরকার।

- ২। মালদার এক আমবাগানে ৫১৭৫ টি আম গাছ আছে। প্রতি সারিতে সমান সংখ্যায় আম গাছ আছে। মোট সারির সংখ্যা ২৫ হলে প্রতি সারিতে কতগুলো আমগাছ আছে হিসাব করি।
- ৩। হুগলির দিয়াড়ার চারি সমীরবাবু পান পাতার গোছ তৈরি করেছেন। ৩২ টি পান পাতা বেঁধে ১ গোছ তৈরি করলে ৪০৬৪ টি পানপাতায় কতগুলো গোছ তৈরি করবেন হিসাব করি। (মৌলিক উৎপাদকে বিশ্লেষণের সাহায্যে নিজে হিসাব করি)
- ৪) রতনকাকু গত তিনি সপ্তাহে মোট ৪৫১৫ টি খবরের কাগজ বাঢ়ি বাঢ়ি বিলি করেছেন। তিনি ১ দিনে কতগুলো কাগজ বিলি করেছেন হিসাব করি। (মৌলিক উৎপাদকে বিশ্লেষণের সাহায্যে নিজে হিসাব করি)
- ৫। মৌলিক উৎপাদকে বিশ্লেষণ করে ভাগ করি :

৫১৭৫

(ক) $2772 \div 18$

(খ) $4806 \div 18$

(গ) $7938 \div 81$

(ঘ) $5481 \div 63$

(ঙ) $5888 \div 64$

(চ) $8876 \div 28$

৬। গল্প তৈরি করি ও মৌলিক উৎপাদকে বিশ্লেষণের সাহায্যে হিসাব করার চেষ্টা করি :

(ক) $1330 \div 35$

(খ) $1755 \div 27$

(গ) $1560 \div 30$


(ঘ) $2058 \div 49$



আকার তৈরি করি

আয়েসা, মিজানুর, উর্মি, জোসেফ ও ইদিস আজ দুপুরে বাগানের মাঠে বসে দেশলাই কাঠি ও রবার ব্যান্ড দিয়ে বিভিন্ন আকার তৈরি করল।

খাতায় পেনসিল দিয়ে ওইরকম আকারের চিত্র আঁকি।



দেখছি আমাদের তৈরি কয়েকটি আকারের
চিত্র বন্ধ ও কয়েকটি আকারের চিত্র খোলা।



যে চিত্রের আকার খোলা তাদের বলি **মুক্ত আকারের চিত্র**। যেমন ২, ৩ ও ৭ নং চিত্রের আকার।

আবার যে চিত্রের আকার বন্ধ, তাদের বলি **বন্ধ আকারের চিত্র**। যেমন ১, ৪, ৫ ও ৬ নং চিত্রের আকার।


বন্ধ আকারের চিত্রে যেমন ৪ নং চিত্রে

ভিতরের সবুজ রং, বাতু বরাবর লাল রং এবং চিত্রের বাইরে হলুদ রং দিলাম। **দেখছি তিনটি অংশ পেলাম।**

অর্থাৎ বন্ধ আকৃতি চিত্রে **সবুজ রং** → ভিতরের জায়গা।

বন্ধ আকৃতি চিত্রে **হলুদ রং** → বাইরের জায়গা।

বন্ধ আকৃতি চিত্রে **লাল রং** → সীমানা। যা ভিতরের জায়গাকে ও বাইরের জায়গাকে আলাদা করেছে।



দেখছি পাশের আয়তক্ষেত্রাকার জমির চারদিকে কঁটাতার দিয়ে ঘেরা আছে।

জমির সবুজ অংশটি ভিতরের জায়গা। চারদিকে ঘেরা কঁটাতারটি জমিটির সীমানা।

আনোয়ারাবিবি জমিটির বাইরের জায়গায় দাঁড়িয়ে আছেন।

শিখন সামর্থ্য : বন্ধ ও মুক্ত চিত্রের ধারণা।

ইদ্রিস, রোহনের কাকুর হাতে ত্রিভুজকার চাবির রিং দেখে কাঠি ও সুতো দিয়ে ১ নং চিত্রের মতো একটি আকার তৈরি করল। জোসেফও কাগজ কেটে ১ নং চিত্রের মতো বানানোর চেষ্টা করল।



আমাদের দুজনের তৈরি জিনিসের আকার একই রকম।
একটি কাঠি ও সুতো দিয়ে তৈরি। অন্যটি কাগজ কেটে তৈরি করা হয়েছে।
এদের কোনটিকে কী বলব?



ইদ্রিস কাঠি ও সুতো দিয়ে তৈরি করল এই ধরনের চিত্র।

জোসেফ কাগজ কেটে তৈরি করল এই ধরনের ক্ষেত্র।



কিন্তু দুটি আকারেই তো তিনটি ধার আছে। তাহলে একটি চিত্র আর অন্যটি ক্ষেত্র হলো কেন?



যখন চাবি রিং-এর আকারে থাকে তখন কোনো জায়গা দখল করে না। তাই ওটা **চিত্র**।

কিন্তু জোসেফ কাগজ কেটে যেটি তৈরি করেছে সেটি কিছুটা জায়গা দখল করে আছে, তাই ওটা **ক্ষেত্র**।

ইদ্রিসের কাঠি ও সুতো দিয়ে তৈরি করা এই ধরনের চিত্র এবং জোসেফের কাগজ কেটে তৈরি করা এই ধরনের ক্ষেত্রের প্রতিটিরই তিনটি ধার আছে। **এই ধারগুলিকে ভুজ বা বাহু বলে।**

আর এই ধরনের চিত্রকে **ত্রিভুজকার চিত্র** বা **ত্রিভুজ** বলা হয়। আর এই ধরনের ক্ষেত্রকে **ত্রিভুজকার ক্ষেত্র** বলা হয়।



এবার বুঝেছি ১টি ত্রিভুজের বাহু আছে [1/2/3] টি

আমরা এবার এক মজার খেলা খেলি। কাগজ কেটে অনেকগুলি ছোটো,
বড়ো নানান ত্রিভুজকার ক্ষেত্র তৈরি করি ও আলাদা আলাদা রং দিই।

আমরা এই সব বিভিন্ন রঙের ও বিভিন্ন আকারের ত্রিভুজকার ক্ষেত্র জুড়ে জুড়ে ছবি তৈরি করি।

আয়োজা ৪ টি ত্রিভুজকার ক্ষেত্র দিয়ে তৈরি করল



উমি অন্য ৫ টি ত্রিভুজকার ক্ষেত্র দিয়ে তৈরি করল



মিজানুর অন্য ৫ টি ত্রিভুজকার ক্ষেত্র দিয়ে তৈরি করল



জোসেফ ৩ টি ত্রিভুজকার ক্ষেত্র দিয়ে তৈরি করল



ইদ্রিস টি ত্রিভুজকার ক্ষেত্র দিয়ে তৈরি করল




আমি টি ত্রিভুজকার ক্ষেত্র দিয়ে তৈরি করলাম

শিখন সামর্থ্য : চিত্র ও ক্ষেত্রের ধারণা, ত্রিভুজের ধারণা।

আমার নৌকার ত্রিভুজাকার ক্ষেত্রগুলি নানারকমের কেন দেখি ?

আয়েসা ঠিক করল ক্ষেত্র দিয়ে তার নৌকার ত্রিভুজাকার ক্ষেত্রগুলি কোনটি ছোটো আর কোনটি বড়ো মাপবে।

নীল রংের ত্রিভুজাকার ক্ষেত্রের প্রতিটি বাহুর দৈর্ঘ্য মাপি



নীল রং-এর ত্রিভুজাকার ক্ষেত্রের টি বাহু।



টি বাহুর প্রত্যেকটি বাহুর দৈর্ঘ্য ক্ষেত্র দিয়ে মেপে পেলাম সেমি., সেমি. ও সেমি।

তাই নীল রং-এর ত্রিভুজাকার ক্ষেত্রের বাহুগুলির দৈর্ঘ্য সমান নয়।



যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্যই আলাদা তাকে **বিষমবাহু** ত্রিভুজ বলা হয়।



দেখি আমাদের ছবির কোন কোন ত্রিভুজটি **বিষমবাহু** ত্রিভুজ।



ক্ষেত্রের সাহায্যে মেপে দেখলাম। আমার হলুদ ত্রিভুজাকার ক্ষেত্রের তিনটি বাহুর দৈর্ঘ্য সেমি., ২.৮ সেমি. ও সেমি।

তাই আমার হলুদ রং-এর ত্রিভুজাকার ক্ষেত্রটি বাহু ত্রিভুজ।

আয়েসা সবুজ রঙের ত্রিভুজাকার ক্ষেত্রটি নিয়ে মাপল



সবুজ ত্রিভুজাকার ক্ষেত্রটি টি বাহু।

এই সবুজ ত্রিভুজাকার ক্ষেত্রটির একটি বাহুর দৈর্ঘ্য সেমি. অপর দুটি বাহুর প্রত্যেকটির দৈর্ঘ্য সেমি।



দেখছি এই ত্রিভুজাকার ক্ষেত্রটির দুটি বাহুর দৈর্ঘ্য সমান। এইরকম ত্রিভুজের কী নাম হতে পারে ?

যে ত্রিভুজের দুটি বাহুর দৈর্ঘ্য সমান তাদের **সমানবাহু ত্রিভুজ** বলা হয়।

লাল ত্রিভুজাকার ক্ষেত্রটির প্রতিটি বাহুর দৈর্ঘ্য মাপি



আমার লাল ত্রিভুজাকার ক্ষেত্রটির প্রত্যেক বাহুর দৈর্ঘ্য ক্ষেত্র দিয়ে
মেপে দেখলাম ২.৫ সেমি। লাল ত্রিভুজাকার ক্ষেত্রের প্রত্যেকটি
বাহুর দৈর্ঘ্য সমান।

এইরকম ত্রিভুজের কী নাম দেবো ?



যে ত্রিভুজের তিনটি বাহুর দৈর্ঘ্য সমান তাদের **সমবাহু ত্রিভুজ** বলা হয়।







এবার আমি ক্ষেত্র দিয়ে মেপে কী পেলাম দেখি

আয়েষার হলুদ ত্রিভুজাকার ক্ষেত্রটির তিনটি বাহুর দৈর্ঘ্য সেমি., সেমি. ও সেমি।
তাই আয়েষার হলুদ ত্রিভুজটি ত্রিভুজ।


উমির রঙের ত্রিভুজাকার ক্ষেত্রটির তিনটি বাহুর দৈর্ঘ্য সেমি., সেমি. ও সেমি।
তাই ত্রিভুজটি ত্রিভুজ।

উমির রঙের ত্রিভুজাকার ক্ষেত্রটির তিনটি বাহুর দৈর্ঘ্য সেমি., সেমি. ও সেমি।
তাই ত্রিভুজটি ত্রিভুজ।


উমির লাল ও নীল রং-এর ত্রিভুজাকার ক্ষেত্র দুটি কী করলে সমাদিবাহু ত্রিভুজ করা যাবে ভেবে দেখি।
নিজে করি




আমি আমার বন্ধুরা মিলে কাগজ কেটে কয়েকটি ত্রিভুজকার ক্ষেত্র তৈরি করলাম। ক্ষেত্র দিয়ে বাহুর দৈর্ঘ্য মেপে সমবাহু ত্রিভুজে **সবুজ** রং **দিই**, সমবিবাহু ত্রিভুজে **কমলা** রং **দিই**, আর বিষমবাহু ত্রিভুজে **হলুদ** রং **দিই**।




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ




ত্রিভুজ



ত্রিভুজ



ত্রিভুজ



নিজে তৈরি করি

নিজে ত্রিভুজ আঁকি ও ক্ষেত্র দিয়ে মেপে দেখি কেমন ত্রিভুজ আঁকলাম।



শিখন সামর্থ্য : বাহুভেদে ত্রিভুজের ধারণা।



ছবির চারধার মুড়ে দিই

আমার দাদা অনেকগুলো ছবি এঁকেছে। ছবিগুলো খুব সুন্দর। আমি ঠিক করেছি দাদার কিছু ছবি মোটা পিচবোর্ডের উপর আটকিয়ে দেবো ও তার চারধার রঙিন ফিতে দিয়ে মুড়ে দেবো। তাই আমি একটি মোটা পিচবোর্ডের উপর একটি ছবি আটকালাম।

এই পিচবোর্ডের চারধার রঙিন ফিতে দিয়ে মুড়তে কটো ফিতে দরকার? একটি সুতো দিয়ে পিচবোর্ডের চারধার মেপে দেখি ও ওই প্রতি ধারের দৈর্ঘ্যে রং দিই। একটি ধার সুতো দিয়ে মেপে সুতোর দৈর্ঘ্যে রং দিই। এইভাবে চারধার মাপার সময় সুতোর দৈর্ঘ্যে চারবার রং দিই।



সুতো দিয়ে মেপে পেলাম,

মোট **৭০** সেমি. দৈর্ঘ্যের সুতো পেলাম।



এই ৭০ সেমি. দৈর্ঘ্যকে ওই আয়তক্ষেত্রাকার পিচবোর্ডের কী বলব?

এই ৭০ সেমি. দৈর্ঘ্যকে ওই আয়তক্ষেত্রাকার পিচবোর্ডের **পরিসীমা** বলে।

আয়তক্ষেত্রাকার পিচবোর্ডের চারদিকের একটা ধার বেশি লম্বা। আর অপর ধার কম লম্বা। এদের কী কোনো আলাদা নাম আছে?

আয়তক্ষেত্রাকার পিচবোর্ডের যে ধার বেশি লম্বা তাকে **দৈর্ঘ্য** এবং অন্য ধারকে **প্রস্থ** বলা হয়।

এবার বুঝলাম আমার এই পিচবোর্ডের চারধার মুড়তে **৩০** সেমি. দৈর্ঘ্যের ফিতে দরকার। কিন্তু দাদার অন্য ছবিটি বেশ বড়ো। তাই বড়ো মাপের পিচবোর্ড দরকার।

সুতো দিয়ে বড়ো আয়তক্ষেত্রাকার পিচবোর্ড

চারধার মেপে পেলাম,

আমি **৪০** সেমি. দৈর্ঘ্যের সুতো পেলাম। তাই এই বড়ো পিচবোর্ডের পরিসীমা **১২০** সেমি।

এই পিচবোর্ডের দৈর্ঘ্য **৪০** সেমি. [সুতো দিয়ে একটি বড়ো ধার মেপে পেলাম।]

এবং প্রস্থ **৩০** সেমি. [সুতো দিয়ে একটি ছোটো ধার মেপে পেলাম।]

দাদার ওই দুটি ছবির চারধার মুড়তে আমার মোট **৪০** সেমি. + **৩০** সেমি. = **৭০** সেমি. দৈর্ঘ্যের রঙিন ফিতে আনতে হবে।

টেবিলে নিজের জিনিস রাখি




আজ আমরা ক্লাসে নিজেদের কিছু জিনিস টেবিলে কাগজ পেতে রাখব। আর কাগজে যতটা জায়গা জুড়ে থাকে পেনসিল দিয়ে তার চারধার আঁকব এবং স্কেল দিয়ে তার পরিসীমা মাপার চেষ্টা করব।

স্কেল দিয়ে মেপে

পরিসীমা

আমি রাখলাম →




→




সেমি.

আমি রাখলাম →



→




সেমি.

রবীন রাখল →



→



সেমি.

তাই কোনো ছবির সবধারের দৈর্ঘ্য যোগ করলেই তার পাব।

ইমতিয়াজ নিল →



→



সেমি.

মিহির সুতো এবং স্কেল দিয়ে টেবিলের উপরিতলের পরিসীমা মাপল **৩৬০** সেমি। মিহির ঠিকমতো মাপ নিতে পেরেছে নাকি দেখি।



আমি সুতো এবং স্কেল দিয়ে টেবিলের প্রতিটি ধার মেপে দেখলাম, টেবিলের উপরের প্রতিটি ধারের দৈর্ঘ্য ৯০ সেমি।

৯০ সেমি.


৯০ সেমি.



৯০ সেমি.

৯০ সেমি.

তাই টেবিলের উপরের পরিসীমা সেমি. + সেমি. + সেমি. + সেমি. = সেমি.



জমিতে বেড়া দিই

বর্ধমান জেলার বড়শূল গ্রামে আনোয়ারাবিবির জমি আছে। আনোয়ারাবিবি তার জমির চারধারে বেড়া দেবে। আনোয়ারাবিবির কাছে কিছুটা তারকাঁটা আছে।



কিন্তু আনোয়ারাবিবিকে জমির চারেধারে বেড়া দিতে আর কতটা লম্বা তারকাঁটা কিনতে হবে দেখি।






আনোয়ারাবিবিকে মিটার + মিটার + মিটার + মিটার
= মিটার বেড়া দিতে হবে।


আনোয়ারাবিবির কাছে ২৫ মিটার লম্বা তারকাঁটা ছিল।

তাই আনোয়ারাবিবিকে আরও () মিটার = মিটার তারকাঁটা কিনতে হবে।

আনোয়ারাবিবির পাশে রামু প্রধান নতুন জমি কিনেছেন। তিনিও ঠিক করলেন জমির চারদিকে ঘিরে দিতে হবে।
আনোয়ারাবিবির জমির বেড়া দেখে মুকেশ ও নাসির ঠিক করল তাদের নিজেদের জমির চারধার বেড়া দিয়ে
ঘিরবে। **তাদের কত লম্বা বেড়া লাগবে দেখি।**




১। আজ খেলার ক্লাসে আমাদের স্কুলের খেলার মাঠটির চারধার বরাবর ছুটতে হবে। কত মিটার আমাদের ছুটতে হবে দেখি।




$$\text{আমাদের ছুটতে হবে } \boxed{\quad} \text{ মিটার} + \boxed{\quad} \text{ মিটার} + \boxed{\quad} \text{ মিটার} + \boxed{\quad} \text{ মিটার} = \boxed{\quad} \text{ মিটার}$$

২। রীতা তার বাগানের ফুলগাছ বাঁচানোর জন্য বাগানের সবদিক বেড়া দিয়ে ঘিরবে। কতটা দৈর্ঘ্যের বেড়া দেবে হিসাব করে দেখি।



$$\text{রীতা বেড়া দেবে } \boxed{\quad} \text{ মিটার} + \boxed{\quad} \text{ মিটার} \\ = \boxed{\quad} \text{ মিটার}$$


৩। মা আমাদের প্রত্যেকের মাথার বালিশের ঢাকনার চারধারে লেস লাগাবেন। প্রতিটি বালিশের ঢাকনা একই মাপের আয়তক্ষেত্রাকার। বাড়িতে আমরা $\boxed{\quad}$ জন। কতটা দৈর্ঘ্যের লেস দরকার হিসাব করি।





বর্গক্ষেত্রাকার কাগজের টুকরোর খেলা

আজ আমরা নতুন মজার খেলা খেলব। অনেক বন্ধু
মিলে খেলব। ১ টি কাগজ কেটে অনেকগুলো একই
মাপের বর্গক্ষেত্রাকার কাগজের টুকরো নিলাম।




এই কাগজের টুকরোর
দৈর্ঘ্য ও প্রস্থ দুটোই সেমি।
তাই এই টুকরোটি বর্গক্ষেত্রাকার।


কয়েকটি টুকরো দিয়ে অনেকগুলো আকার তৈরি করি ও চারধার মাপি।




পরিসীমা সেমি.




পরিসীমা 12 সেমি.




পরিসীমা সেমি.



পরিসীমা সেমি.



পরিসীমা সেমি.








নিজে বসাই ও পরিসীমা
লিখি

কাগজের টুকরো সরাই

টোটন ১ সেমি. দৈর্ঘ্য বিশিষ্ট বাহুর বর্গক্ষেত্রাকার অনেকগুলো কাগজের টুকরো নিয়ে বিভিন্ন আকার তৈরি করছে।
কিন্তু শোভন কিছু কিছু বর্গক্ষেত্রাকার টুকরো সরিয়ে নিচ্ছে।

দেখি হিসাব করে টোটনের আকারের পরিসীমা কী ছিল, আর শোভন কিছু টুকরো সরিয়ে নেওয়ার পরে সেই
আকারের পরিসীমা কী হলো?

 পরিসীমা <input type="text"/> সেমি.	 ২ টি বর্গক্ষেত্রাকার কাগজ সরিয়ে নিল	 পরিসীমা <input type="text"/> সেমি.
 ৩ টি বর্গক্ষেত্রাকার কাগজ সরিয়ে নিল		
 পরিসীমা <input type="text"/> সেমি.	 পরিসীমা <input type="text"/> সেমি.	
 পরিসীমা <input type="text"/> সেমি.	 ৫ টি বর্গক্ষেত্রাকার কাগজ সরিয়ে নিল	 পরিসীমা <input type="text"/> সেমি.

নিজে করি

১ সেমি. দৈর্ঘ্যবিশিষ্ট বাহুর বর্গক্ষেত্রাকার কাগজের টুকরো দিয়ে ৯ সেমি. পরিসীমা বিশিষ্ট আকার তৈরি করি এবং
এই আকার থেকে প্রথমে দুটি তারপর তিনটি বর্গক্ষেত্রাকার কাগজ সরিয়ে নিলে পরিসীমা কত পাই দেখি।



গাছের পাতা কুড়াই

আজ বৃথাবার। আমরা ঠিক আমাদের খেলার পিরিয়ডে স্কুলের মাঠে
যেমন খুশি খেলব। তাই আজ আমাদের খুব মজা।

তাতাই মাঠের বিভিন্ন গাছের কিছু পাতা কুড়িয়ে সংগ্রহ করেছে। আমিও
তাতাই -এর সঙ্গে বিভিন্ন রকমের পাতা সংগ্রহ করে খাতায় লাগালাম।



কিন্তু এদের কী পরিসীমা মাপতে পারব? পিন ও সুতো
দিয়ে এদের পরিসীমা মাপি ও নীচে পরিসীমা লিখি।



এই পাতার পরিসীমা
প্রায় সেমি.



এই পাতার পরিসীমা
প্রায় সেমি.







এই পাতার পরিসীমা
প্রায় সেমি.



এই পাতার পরিসীমা
প্রায় সেমি.

নিজে করি

প্রতিটি ১ সেমি. দৈর্ঘ্য বিশিষ্ট বাহুর বর্গক্ষেত্রাকার কাগজের টুকরো নিয়ে E, F, H, I বানাই ও পরিসীমা হিসাব করি।




কাঁচা আম-মাখা খাই




কাঁচা আমমাখা তৈরি করতে কী কী লাগবে দেখি। কাঁচা আম, নুন, অল্প মিষ্টি ও কাসুন্দি। বাড়িতে নুন, মিষ্টি আছে, অল্প কাসুন্দিও আছে, কিন্তু কাঁচা আম নেই।

তাই আমি বাজারে গেলাম কাঁচা আম কিনতে। আমার কাছে ৬ টাকা ছিল। ৫ টাকা দিয়ে ১টি আম কিনলাম। এই আমের ওজন ১০০ গ্রাম।

এখন সুজার স্কুলে গ্রীষ্মের ছুটি চলছে।
সুজা ও তার দিদি মেহের ঠিক করেছে
দুপুরে কাঁচা আম-মাখা তৈরি করে খাবে।



কিন্তু বাড়ির সবাইকে ভাগ করে দিতে হবে তাই বেশি
পরিমাণ আম-মাখা তৈরি করব। আরও আম দরকার।
এইরকম দুটি আমের ২০০ গ্রাম ওজন হলো। দাম হলো ১০ টাকা।



আমের সংখ্যা (টি)

আমের দাম (টাকা)



বুরলাম বেশি পরিমাণ আম নিলে বেশি টাকা দিতে হবে। আমের পরিমাণ বাড়লে টাকার পরিমাণ অর্থাৎ আমের দামও । দিদির কাছে জমানো টাকা ছিল। তাই ২০০ গ্রাম আম কিনলাম। বাড়ির সবাই মিলে ওই পরিমাণ আম-মাখা খেলাম। পরের দিন বাবা ২০ টাকা দিয়ে ওইরকম ৪ টি কাঁচা আম বাজার থেকে কিনে আনলেন।

কম পরিমাণ আমের দাম (কম / বেশি)।

তাই আমের পরিমাণ কমলে দামও (কমবে / বাড়বে)।



বড় মধুসূদন বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া

বড় মধুসূদন প্রাথমিক বিদ্যালয়ের বার্ষিক ক্রীড়া হবে ১৫ জানুয়ারি। বিস্কুট দৌড়, ১০০ মিটার দৌড়, মোরগ লড়াই, বল ছেঁড়া, যেমন খুশি সাজো ইত্যাদি অনেক মজার খেলা হবে।

টিফিনের জন্য ৬ প্যাকেট বিস্কুট দরকার। আমি ৬ প্যাকেট বিস্কুট কিনলাম। দাম জিজ্ঞাসা করায় দোকানি বললেন ৬০ টাকা। আমি দোকানিকে ৬টি ১০ টাকার নোট দিলাম।



বিস্কুটটা খুব ভালো খেতে। আমি নিজের জন্য ১ টি কিনব। কিন্তু কত দেবো?

বিস্কুটের প্যাকেটের সংখ্যা (টি)



দাম (টাকা)



বিস্কুটের প্যাকেটের সংখ্যা কমে গেলে দামও (কমবে/বাঢ়বে)।

পেলাম, ৬ টি প্যাকেট বিস্কুটের দাম ৬০ টাকা

১টি প্যাকেট বিস্কুটের দাম (৬০ ÷ ৬) টাকা = টাকা

তাই আমি দোকানিকে টাকা দিলাম।




কম না বেশি লাগবে দেখি

সুনীতি ঠিক করেছে ও খেলার বল কিনে আনবে। একইরকম ৪ টি বল দরকার। তাই সুনীতি ৪টি বল কিনে ২ টি ২০ টাকার নোট দিল।



ওই বল দেখে তমাল ওইরকম ১ টি বল নিজের জন্য কিনল।
তমাল কত টাকা দিল হিসাব করি।

খেলার বলের সংখ্যা (টি)



দাম (টাকা)



১ টি বলের দাম () টাকা = টাকা।

কম সংখ্যক বল কিনলে (কম / বেশি) পরিমাণ টাকা দিতে হবে।

অর্থাৎ বলের সংখ্যা কমলে দামও (কমবে / বাড়বে)।

ছবি এঁকে নিজে করি।


৩ প্যাকেট একইরকম মোম রঙের দাম



হলে,

১ প্যাকেট মোম রঙের দাম কম হবে না বেশি হবে সম্পর্ক খুঁজে হিসাব করি।

ছবি দেখি ও নিজে হিসাব করি



নারকেলের সংখ্যা কমলে দামও ।


তাই, ১ টি নারকেলের দাম টাকা।



৫টি নারকেলের দাম টাকা।

১টি নারকেলের দাম () টাকা

= টাকা




৪টি গাড়িতে চাকা আছে টি।

১টি গাড়িতে চাকা আছে () টি

= টি

খেলনা গাড়ির সংখ্যা কমলে চাকার সংখ্যা

তাই, ১ টি গাড়ির জন্য চাকা দরকার টি।



কাচের জারের সংখ্যা কমলে মাছের সংখ্যাও

(কমবে/বাঢ়বে)।

তাই, ১ টি কাচের জারে মাছ রাখব টি।

সমান ভাগ করি ও হিসাব করে নিজে লিখি।

১। পাড়ার ভারতী টেলার্স একই মাপের ৫ টি স্কুলের ড্রেসের জন্য ১৫ মিটার কাপড় নেয়। ওই মাপের আমার ১ টি স্কুল ড্রেস তৈরি করাব। কত মিটার কাপড় ভারতী টেলার্সকে দিতে হবে হিসাব করি।

প্রথমে সম্পর্ক খুঁজি

স্কুল ড্রেসের সংখ্যা (টি)	কাপড়ের পরিমাণ (মিটার)
৫	<input type="text"/>
১	<input type="text"/> ?

স্কুলের ড্রেসের সংখ্যা বাড়লে কাপড়ের পরিমাণ ।

পেলাম, ৫ টি স্কুল ড্রেসের জন্য **১৫ মিটার** কাপড় লাগবে।

১ টি স্কুল ড্রেসের জন্য () মিটার = মিটার কাপড় লাগবে।

তাই আমাকে মিটার কাপড় ভারতী টেলার্সে দিতে হবে।

২। আমি বাজার থেকে ৪ জোড়া কলা কিনে আনলাম। আমাকে  দিতে হলো।

১ টি কলার দাম কত হিসাব করি।

৪ জোড়া কলা = টি = টি কলা।

প্রথমে সম্পর্ক খুঁজি

কলার সংখ্যা	দাম (টাকা)
	<input type="text"/>
	<input type="text"/>

কলার সংখ্যা কমলে কলার দাম (কমবে/বাঢ়বে)।

তাই ১ টি কলার দাম () টাকা = টাকা।

৩। পুতুলমাসি একসপ্তাহে মোট ২১০ টি কাগজের ঠোঙা তৈরি করেন। তিনি প্রতিদিন সমান সংখ্যক ঠোঙা তৈরি করলে ১ দিনে কতগুলো ঠোঙা তৈরি করতে পারবেন হিসাব করি।

$$1 \text{ সপ্তাহ} = \boxed{\quad} \text{ দিন।}$$

সম্পর্ক খুঁজি

সময় (দিন)	ঠোঙার সংখ্যা (টি)
<input type="text"/>	<input type="text"/>
<input type="text"/>	<input type="text"/>

দিনের পরিমাণ (কমলে/বাড়লে) ঠোঙা কম পরিমাণে তৈরি করবেন।

পুতুলমাসি, ৭ দিনে তৈরি করেন, টি ঠোঙা

১ দিনে তৈরি করেন () টি= টি ঠোঙা।

৪। আমার ৪ টি একই দামের খাতার দাম টাকা। ১ টি খাতার দাম টাকা। (নিজে তৈরি করে, সম্পর্ক ও দাম খুঁজি)।

৫। আমি ৩ দিনে প্লাস জল খাই। প্রতিদিনে সমান সংখ্যক প্লাস জল খেলে ১ দিনে কত প্লাস জল খাই? (নিজে তৈরি করি)।

গল্প লিখি ও কয়ে দেখি

১। মালার সংখ্যা (টি) ফুলের সংখ্যা (টি)

৮ ১২০

১

২। খাতার সংখ্যা (টি) খাতার পাতার সংখ্যা (টি)

৫ ৩০০

১

৩। বেঞ্চের সংখ্যা (টি) ছেলেমেয়ের সংখ্যা (জন)

৭ ৮২

১

প্রতিটি মালায় সমান সংখ্যক ফুল
আছে।

প্রতিটি খাতায় সমান সংখ্যক
পাতা আছে।

প্রতিটি বেঞ্চে সমান সংখ্যক
ছেলেমেয়ে বসেছে।






নারকেলের নাড়ু খাই

আমার দিদিমা নারকেলের নানারকম মিষ্টি তৈরি করবেন। আমি দাদুর সঙ্গে কালীবাবুর বাজারে নারকেল কিনতে গেলাম। একইরকম ৫ টি নারকেল কিনব।

নারকেলের দাম নীচের ছকে লিখি,



নারকেলের সংখ্যা বাড়লে দামও ।

পেলাম, ১ টি নারকেলের দাম টাকা।

৫ টি নারকেল কিনতে বেশি টাকা লাগবে।

$$\begin{aligned}
 \text{তাই } 5\text{টি নারকেলের দাম } & \boxed{} \times \boxed{} \text{ টাকা} \\
 & = \boxed{} \text{ টাকা}।
 \end{aligned}$$

কিন্তু বাবা বকুলতলা বাজার থেকে আরো ৩ টি একইরকম নারকেল কিনে আনলেন। ১ টি নারকেলের দাম ১২ টাকা হলে, বাবাকে কত টাকা দিতে হলো দেখি।

নারকেলের সংখ্যা (টি)	দাম (টাকা)
১	১২
৩	?

নারকেলের সংখ্যা বাড়লে দামও ।

পেলাম, ১ টি নারকেলের দাম টাকা।

টি নারকেলের দাম টাকা = টাকা।



দিদা অনেকগুলো নারকেলের নাড়ু তৈরি করলেন। বিকেলে আমার ৪ জন বন্ধু বাড়িতে এল। দিদা ১টি প্লেটে ২৫ টি নাড়ু দিলেন। মা প্রত্যেক বন্ধুকে ৪ টি করে নাড়ু দিতে বললেন।

কতগুলো নারকেলের নাড়ু দেবো হিসাব করি।

বন্ধুর সংখ্যা (জন)

১

৮

নারকেলের নাড়ুর সংখ্যা (টি)

8

?

বন্ধুর সংখ্যা নারকেল নাড়ুর সংখ্যাও বাড়বে।

পেলাম, ১ জন বন্ধুকে দেবো টি নাড়ু

৪ জন বন্ধুকে দেবো টি = টি নাড়ু।

প্রত্যেক বন্ধুকে ৪ টি করে নাড়ু দেওয়ার পরেও প্লেটে টি = টি নাড়ু পড়ে রইল।

গন্ত লিখি ও কষে দেখি

১.

পুতুলের সংখ্যা (টি)

১

দাম (টাকা)

২৫

৮

?

(প্রতিটি পুতুলের দাম সমান)

২.

রং পেনসিলের বাস্তু (টি)

১

রং পেনসিলের সংখ্যা (টি)

১২

৬

?

(প্রতিটি বাস্তু রং পেনসিলের সংখ্যা সমান)

৩.

ঝুড়ির সংখ্যা (টি)

৫

আপেলের সংখ্যা (টি)

২৫

১

?

(প্রতিটি ঝুড়িতে আপেলের সংখ্যা সমান)

৪.

খাবার জলের বোতল (টি)

৫

জলের পরিমাণ (লিটার)

১০

১

?

(প্রতিটি বোতলে জলের পরিমাণ সমান)

৫.

আমার জামার সংখ্যা (টি)

১

বোতামের সংখ্যা (টি)



৬

?

(প্রতিটি জামায় বোতামের সংখ্যা সমান)

নিজে লিখি



মায়ের সঙ্গে বাজারে যাই

নবগ্রামের তেঁতুলতলায় হাসিনাবিবির ফলের দোকান।
প্রতিদিন আমি মায়ের সঙ্গে ফল কিনি। আজ কমলালেবু কিনব।
তাই হাসিনাবিবি একটি কমলালেবুর পেটি খুললেন।

ফলের পেটির আকার একরকম। কিন্তু পেটির ভেতরে কমলালেবুর আকার অন্যরকম। প্রায় বলের মতো দেখতে।
৪টি কমলালেবু কিনে আমি মায়ের সঙ্গে মিষ্টির দোকানে গেলাম।

এখানেও বিভিন্ন রকমের মিষ্টি দেখছি। দেখলাম রসগোল্লা, পানতুয়া, কমলাভোগের আকার একই
রকম। আবার সন্দেশ, সরভাজা ইত্যাদির আকার আলাদা — চৌকো বাক্সের মতো দেখতে।



সন্দেশের বাক্সের আকার কমলালেবুর পেটির মতো দেখতে।



এই আলাদা আলাদা আকারের কি কিছু নাম আছে?

সন্দেশের বাক্সের মতো জিনিসের আকারের নাম **আয়তঘন**। আর বলের মতো জিনিসের আকারের নাম **গোলক**।

দেখলাম রসগোল্লা, পানতুয়া, কমলাভোগ এইগুলির আকার প্রায় -এর মতো।

কিন্তু ও সন্দেশের বাক্সের আকার -এর মতো। (আয়তঘন/গোলক)

মিষ্টি কেনার পরে মা কাঁচা আনাজ কিনলেন।

কাঁচা আনাজের বাজারে গোলক আকারের **পাতিলেবু**, , দেখলাম।

বাড়ি ফেরার সময় দোকান থেকে পাউরুটি, একটি মাখনের প্যাকেট ও কেক কিনলাম।

এগুলোর আকার প্রায় -এর মতো।

বাড়ি ফেরার পথে খেলনার দোকানে প্রায় আয়তঘনের মতো টিফিন বাক্স, ও দেখলাম। (**নিজে বসাই**)

আবার খেলনার দোকানে গোলক আকারের ও দেখলাম। (**নিজে বসাই**)

পিচবোর্ডের বাক্সের খেলা



এই বাক্স নিয়ে একধরনের খেলা খেলব।



মানস ওই লাল বাক্স খুলে তার ভেতর থেকে একটি বড়ো সাদা বাক্স



বার করল। জয়স্ত এই

বাক্সটি থেকে আবার আর একটি একটু ছোটো সাদা বাক্স বার করল



। এভাবে ওই লাল বাক্স থেকে আমরা

৪ টি বাক্স বার করলাম।





স্কেল বা ফিতে দিয়ে মেপে দেখলাম



এই বাক্সটি লম্বা, চওড়া ও

উচ্চতায় একই মাপের নয়।

আবুল অনেকগুলো বিভিন্ন আকারের বাক্স নিয়ে আসল।



স্কেল বা ফিতে দিয়ে মেপে দেখল



এই বাক্সটি লম্বা, চওড়া ও উচ্চতায় একই মাপের।



এই বাক্সের মতো আকারের জিনিসকে আয়তন বা সমকোণী চৌপল বলা হয়।




এই বাক্সের মতো আকারের জিনিসকে ঘনক বলা হয়।

আমি আয়তনক আকারের জিনিস খুঁজি ও লিখি

আমি ঘনক আকারের জিনিস খুঁজি ও লিখি

শিখন সামর্থ্য : আয়তন, ঘনক, গোলকের ধারণা।



বাক্স ও মোম রং দেখি

অনেকগুলো মোম রং আছে। মোম রঙের বাস্তো মোম রংগুলি গুছিয়ে রাখি।

আমার রঙের বাক্সটি আয়তন। কিন্তু বাক্সটির উপরিভাগ মোম রঙের উপরিভাগের মতো এক নয়। কারণ বাক্সটির উপরের এক ধার থেকে যে কোনো অন্য ধারে একটি সুতো সোজাসুজিভাবে বসিয়ে দেখছি সুতোটি সম্পূর্ণভাবে বাক্সটির উপরের সাথে মিশে যাচ্ছে। অর্থাৎ সুতোটিকে বাক্সটির উপরে একটি সরলরেখাংশের মতো মনে হচ্ছে। কিন্তু মোম রঙের ক্ষেত্রে তা পাচ্ছ না।

তাহলে বাক্সটির উপরের তলাটিকে কী বলব?



এইরকম তলকে **সমতল** বলে। দেখছি বাক্সটির নীচের ও পাশের তলগুলিও

আয়তন বাস্তোর সমতল আছে টি।



আজ খুব গরম পড়েছে। দোকানে ঠাণ্ডা জল কিনতে গিয়ে লেবু দেখলাম। গরমে লেবুর জল খেতে খুব ভালো লাগে। একটি লেবু হাতে নিয়ে দেখলাম ভালো রস আছে কিনা।



দেখছি লেবুটি গোলক আকার। এর তল বাস্তোর তলের মতো নয়।




তাহলে এইরকম তলটিকে কী বলব?

বাড়িতে গিয়ে একইভাবে একটি সুতো লেবুটির একধার থেকে অন্য যে কোনো ধারে সোজাসুজিভাবে বসালে সুতোটি সম্পূর্ণভাবে লেবুর উপরের তলের সাথে মিশে যাচ্ছে না।

তাহলে এই তলটি তো **সমতল** নয়।



তাহলে এই তলটির নাম কী?



এইরকম তলকে **বক্রতল** বলে।




তারপর মাকে লেবুটি দিলাম। মা লেবুটি সমান দু-ভাগ করে কাটল। কিন্তু অর্ধেক লেবুতো গোলক আকার নয়। দেখছি এর টি তল। (১টি/২টি)



বাইরের তলটি (সমতল/বক্রতল) ও কাটা অংশের তলটি (সমতল/বক্রতল)

অর্থাৎ কাটা লেবুর টি তল পেলাম। (১টি/২টি)

এবার দু-টুকরো পাতিলেবু জুড়ে আগের মতো গোলক আকার গোটা পাতিলেবু পেলাম।



যার তল টি।

এরপর মা আমাকে নুন, চিনি মিশিয়ে লেবুর জল করে দিয়ে বলল গরমে সরবত শরীরের পক্ষে উপকারী।

টেবিলে বসে ভাত খাই

আমার দিদা রোজ আমাকে ছোটো টেবিলে বসে ভাত খাওয়ান। টেবিলটি খুব ছোটো। এর থেকে বড়ো টেবিল কিনতে হবে। স্কেল বসিয়ে মাপ নিয়ে দেখছি টেবিলটি লম্বায় ৮০ সেমি. ও চওড়ায় ৬০ সেমি।

দিদা টেবিলের উপর একটা ফলের বুড়ি রাখতে চান। ফলের বুড়ির জন্য কতটা জায়গা লাগবে স্কেল দিয়ে মেপে দেখি।



সুতো বসিয়ে দেখছি টেবিলের উপরিতল (সমতল/বক্রতল)।

বুড়ির বাইরের তল (সমতল/বক্রতল)।

আমার প্লাসের পাশের তল ।

টেবিলের সামনে ফাঁকা দেয়ালে একটা আয়না লাগাব।

কিন্তু কত বড়ো আয়না আনতে হবে দেখি? স্কেল দিয়ে দেয়ালের ফাঁকা জায়গা মাপি?

দেখছি আয়নার উপরিতল এবং দেওয়ালের উপরিতলও ।

নিজে আঁকি ও আমার আঁকা বস্তুগুলোয় সমতল ও বক্রতল খুঁজি।





আমার বাটি

আমার টিফিন বাক্স

আমার লুড়োর ছক্কা

আমার

নিজে বসাই



বাড়িতে কোথায় কোথায় সমতল ও কোথায় কোথায় বক্রতল দেখতে পাচ্ছি তার একটি তালিকা তৈরি করি।

সমতল	বক্রতল
১.	১.
২.	২.
৩.	৩.

শিখন সামর্থ্য: সমতল ও বক্রতলের ধারণা।

দোকান থেকে খাতা কিনি



আমি, মধু, আলি ও বাবর একসঙ্গে মিলে বাজারে গিয়েছি। কিছু কিছু দরকারি জিনিস কিনব। আমার কাছে ৫ টাকা আছে। আমি একটা খাতা কিনব। খাতার দাম ৭ টাকা।



বাকি টাকা কোথা থেকে পাব।

আলির কাছে ৬ টাকা আছে। আমি প্রথমে আলির ৬ টাকা নিলাম।

এখন আমার কাছে $(\square + \square)$ টাকা = \square টাকা হলো।

এবার খাতার জন্য \square টাকা দিয়ে আমার কাছে রইল $(\square - \square)$ টাকা = \square টাকা

হাতেকলমে কাঠি নিয়ে দেখি

$5 - 7 + 6$ কি পাই।

$$5 \rightarrow \begin{array}{|c|c|c|c|} \hline \text{||} & \text{||} & \text{||} & \text{||} \\ \hline \end{array}$$

$$7 \rightarrow \begin{array}{|c|c|c|c|c|c|c|c|} \hline \text{||} & \text{||} & \text{||} & \text{||} & \text{||} & \text{||} & \text{||} \\ \hline \end{array}$$

$$6 \rightarrow \begin{array}{|c|c|c|c|c|} \hline \text{||} & \text{||} & \text{||} & \text{||} & \text{||} \\ \hline \end{array}$$

৫টি কাঠি থেকে ৭টি কাঠি নিতে পারব না। তাই আরও ৬টি কাঠি নিলাম।

$$5 + 6 \rightarrow \begin{array}{|c|c|c|c|c|c|c|c|c|c|c|} \hline \text{||} & \text{||} \\ \hline \end{array}$$

$$5 + 6 - 7 \rightarrow \begin{array}{|c|c|c|c|c|c|c|c|c|c|c|} \hline \text{||} & \text{||} \\ \hline \end{array}$$

$$5 - 7 + 6 \rightarrow \begin{array}{|c|c|c|c|c|} \hline \text{||} & \text{||} & \text{||} & \text{||} & \text{||} \\ \hline \end{array} \rightarrow 8$$

গণিতের ভাষায়

$$5 - 7 + 6$$

$$= 5 + 6 - 7$$

$$= 11 - 7$$

$$= 8$$

দেখলাম সরল অঙ্কে মান নির্ণয়ে শুধু যোগ ও বিয়োগ থাকলে একই চিহ্নের (যোগ চিহ্ন বা বিয়োগ চিহ্ন) যোগ করে পরে বিয়োগ করা হয়।

যেমন, $6 - 1 - 9 + 7$

$$= 6 + 7 - 1 - 9$$

$$= 13 - 10 = 3$$

নিজে করি

$$(1) 8 - 9 + 3$$

$$(2) 1 - 6 + 9$$

$$(3) 6 + 7 - 18 + 9$$

$$(4) 7 - 9 + 8 - 1$$

$$(6) 5 - 8 + 10 - 2$$

$$(7) 8 - 10 + 5 - 2$$

$$(8) 13 + 5 - 20 + 8$$

$$(8) 9 - 3 + 10 - 12$$

$$(9) 12 - 5 - 9 + 2$$

বাগানে চারাগাছ দেখি

আমাদের বাগানে আমি ও মিঠু দুজনে প্রত্যেকে ৪ টি করে চারাগাছ লাগালাম। মিঠু আরও ৫ টি চারাগাছ লাগাল। কিন্তু ৩ টি গাছ শুকিয়ে গেল। বাগানে কতগুলো গাছ বেঁচে রইল দেখি।

আমি ও মিঠু চারাগাছ লাগালাম $\boxed{\quad} \times \boxed{\quad}$ টি = $\boxed{\quad}$ টি।

মিঠু আরও $\boxed{\quad}$ টি চারাগাছ লাগাল।

এখন মোট গাছের সংখ্যা = $(\boxed{\quad} + \boxed{\quad})$ টি = $\boxed{\quad}$ টি

৩ টি শুকিয়ে গেলে চারাগাছ পড়ে রইল $(\boxed{\quad} - \boxed{\quad})$ টি = $\boxed{\quad}$ টি




গণিতের ভাষায় পাই

$$\begin{aligned}
 &= 8 \times 2 + 5 - 3 \\
 &= \boxed{\quad} + \boxed{\quad} - \boxed{\quad} \\
 &= \boxed{\quad} - \boxed{\quad} = \boxed{\quad}
 \end{aligned}$$

ছবি দেখে গল্প লিখি ও কয়ে দেখি



হাতে কলমে ঘাচাই করি।



$$8 \times 3 - 5 + 7$$

পেলাম, সরল অঙ্কে মান নির্ণয়ের সময়ে গুণ, যোগ ও বিয়োগ থাকলে আগে $\boxed{\quad}$ করা হয়।

তারপরে $\boxed{\quad}$ ও শেষে বিয়োগ করা হয়।

কত পড়ে থাকবে দেখি

টেবিলে ৩টি ফুলদানি আছে। প্রত্যেক ফুলদানিতে ৫টি করে ফুল আছে। এখন থেকে ২০টি ফুল দিতে হবে। রাতুল আরও ১০টি ফুল ফুলদানিতে রাখল। কীভাবে দেবো হিসাব করে দেখি।

তিটি ফুলদানিতে মোট ফুল আছে $\boxed{\quad} \times \boxed{\quad}$ টি = $\boxed{\quad}$ টি।

কিন্তু ২০টি ফুল দিতে হবে। এখন দেখছি ২০টি ফুল নেই।

তাই, রাতুলের ১০টি ফুল নিয়ে মোট ফুল হলো $(\boxed{\quad} + \boxed{\quad})$ টি = $\boxed{\quad}$ টি।

এবার, ২০টি ফুল দিলে পড়ে থাকবে। $(\boxed{\quad} - \boxed{\quad})$ টি = $\boxed{\quad}$ টি ফুল।



$$\begin{aligned}
 & 5 \times 3 - 20 + 10 \\
 &= \boxed{\quad} + \boxed{\quad} - 20 \\
 &= \boxed{\quad} - 20 \\
 &= \boxed{\quad}
 \end{aligned}$$

হাতেকলমে

$$\boxed{5}$$

$$\rightarrow \text{*****}$$

$$\boxed{5} \times \boxed{3}$$

$$\rightarrow \text{*****} \text{ *****} \text{ *****}$$

$\rightarrow \text{*****} \text{ *****} \text{ *****}$ (এখন থেকে ২০টি দিতে পারব না।) তাই,

$$\boxed{5} \times \boxed{3} + \boxed{10}$$

$$\rightarrow \text{*****} \text{ *****} \text{ *****} \text{ *****} \text{ *****} \text{ *****}$$

$$\boxed{5} \times \boxed{3} + \boxed{10} - \boxed{20}$$

$$\rightarrow \text{*****} \text{ *****} \text{ *****} \text{ *****} \text{ *****} \text{ *****}$$

$$\rightarrow \text{*****} \rightarrow \boxed{5}$$



একটি থালায় ১০টি নাড়ু আছে। ৪ জনের প্রত্যেকে তিনটি করে নাড়ু নেব। মা থালায় আরো ৮টি নাড়ু রাখল। নাড়ু ভাগ করে নেওয়ার পর আরও কিছু নাড়ু পড়ে থাকবে নাকি হিসাব করে দেখি।

৪ জন ৩টি করে নাড়ু নিলে মোট নাড়ু লাগবে $\boxed{\quad} \times \boxed{\quad}$ টি
 $= \boxed{\quad}$ টি।

কিন্তু থালায় $\boxed{\quad}$ টি নাড়ু নেই। থালায় $\boxed{\quad}$ টি নাড়ু আছে।

মা থালায় আরও ৮টি নাড়ু রাখলেন।

এখন থালায় মোট নাড়ু আছে $= (\boxed{\quad} + \boxed{\quad})$ টি = $\boxed{\quad}$ টি।

নাড়ু নেওয়ার পরে থালায় পড়ে রইল $(\boxed{\quad} - \boxed{\quad})$ টি

$= \boxed{\quad}$ টি নাড়ু।

$$\begin{aligned}
 & 10 - 3 \times 8 + 8 \\
 &= \boxed{\quad} - \boxed{\quad} + 8 \\
 &= \boxed{\quad} + \boxed{\quad} - \boxed{\quad} \\
 &= \boxed{\quad} - \boxed{\quad} \\
 &= \boxed{\quad}
 \end{aligned}$$

নিজে করি

$$1. \quad 3 \times 8 - 30 + 6$$


$$2. \quad 20 - 28 + 3 \times 8$$

$$3. \quad 7 \times 5 - 10 + 2$$

$$4. \quad 56 - 5 \times 12 + 8$$

$$5. \quad 80 - 35 + 3 \times 3$$

$$6. \quad 39 - 7 \times 7 + 12$$



দোকান থেকে রং পেনসিলের একটি প্যাকেট কিনে আনলাম। প্যাকেটে ১২টি মোম রং ছিল। আমি ও ভাই সমান ভাগে ভাগ করে নিলাম। কিন্তু আমার থেকে বোনকে ৮টি মোম রং দিতে হবে। তাই আরও একটি প্যাকেট মোম রং কিনে আনলাম। এবার বোনকে ৮টি মোম রং দিয়ে আমার কাছে কতগুলো মোম রং থাকবে হিসাব করি।

প্রথমে আমরা দুজনে সমান ভাগে ভাগ করলে আমি পাব

$$(\boxed{12} \div \boxed{2}) \text{ টি} = \boxed{\quad} \text{ টি}$$

আরো ১ প্যাকেট মোম রং কিনে আনায় আমার কাছে মোট
মোম রং হলো

$$(\boxed{\quad} + \boxed{\quad}) \text{ টি} = \boxed{\quad} \text{ টি}$$

সেখান থেকে বোনকে ৮টি দিলে পড়ে থাকবে

$$(\boxed{\quad} - \boxed{\quad}) \text{ টি} \\ = \boxed{\quad} \text{ টি}$$



গণিতের ভাষায়—

$$\begin{aligned} &= \boxed{12} \div \boxed{2} - \boxed{8} + \boxed{12} \\ &= \boxed{\quad} - \boxed{\quad} + \boxed{\quad} \\ &= \boxed{\quad} + \boxed{\quad} - \boxed{\quad} \\ &= \boxed{\quad} - \boxed{\quad} = \boxed{\quad} \end{aligned}$$

হাতেকলমে

১২




$12 \div 2$



$12 \div 2 + 12$



$12 \div 2 + 12 - 8$



ছবি দেখি ও গল্প লিখে মান খুঁজি



গণিতের ভাষায়—

$$\begin{aligned} &= \boxed{5} + \boxed{21} \div \boxed{3} - \boxed{8} \\ &= \boxed{\quad} + \boxed{\quad} - \boxed{\quad} \\ &= \boxed{\quad} - \boxed{\quad} = \boxed{\quad} \end{aligned}$$

পেলাম সরলের মান নির্ণয়ের সময়ে যোগ, বিয়োগ ও ভাগ থাকলে আগে $\boxed{\quad}$ -এর কাজ, তারপর $\boxed{\quad}$ -এর কাজ এবং শেষে $\boxed{\quad}$ -এর কাজ হয়।

নিজে করি

১. $18 \div 3 + 9 - 12$

২. $7 - 32 \div 8 + 9$

৩. $80 \div 5 - 10 + 8$

৪. $6 - 12 + 36 \div 8$

৫. $6 - 88 \div 8 + 7$

৬. $11 + 2 - 85 \div 5$



কতগুলি ফুলবুড়ি নেব দেখি

আজ বাড়িতে দাদু ও দিদা এসেছেন। দাদু ৫ প্যাকেট ফুলবুড়ি এনেছেন। প্রতি প্যাকেটে ১২টি করে ফুলবুড়ি আছে। ওই ৫টি প্যাকেটের মোট ফুলবুড়ি আমরা ৪ জন ভাই বোন সমান ভাগে ভাগ করে নেব। হিসাব করে দেখি প্রত্যেকে কতগুলি ফুলবুড়ি নেব।

১টি প্যাকেটে ফুলবুড়ি আছে ১২টি

৫টি প্যাকেটে ফুলবুড়ি আছে $\boxed{\quad} \times \boxed{\quad}$ টি = $\boxed{\quad}$ টি

আবার, ওই ৬০টি ফুলবুড়ি আমরা ৪ জন সমান ভাগে ভাগ করে নেব।

তাই প্রত্যেকে নেব ($\boxed{\quad} \div \boxed{\quad}$) টি = $\boxed{\quad}$ টি ফুলবুড়ি।

তাই দেখছি, $12 \times 5 \div 4$ —এর মান ও $5 \times 12 \div 4$ —এর

মান $\boxed{\quad}$ [সমান/ আলাদা]।

দিদা ২৪ টি লজেন্স এনে ৪ জনকে সমান ভাগ করে নিতে বললেন।

প্রত্যেকে পেলাম ($\boxed{\quad} \div \boxed{\quad}$) টি = $\boxed{\quad}$ টি।

এবার আমি আমার লজেন্সগুলি ৩ জন বন্ধুকে সমান ভাগ করে দিলাম।

প্রত্যেক বন্ধু লজেন্স পেল ($\boxed{\quad} \div \boxed{\quad}$) টি = $\boxed{\quad}$ টি।

গণিতের ভাষায় : $24 \div 4 \div 3$ (নিজে করি)

পেলাম সরলের মান নির্ণয়ের সময়ে শুধু গুণ ও ভাগ থাকলে কিন্তু কোন বন্ধনী না থাকলে পরপর গুণ বা ভাগ করতে হয়।

গল্প লিখি ও মান খুঁজি

$$60 \div 5 \times 3 + 3$$

নিজে করি

১. $81 \div 9 \times 8$

২. $77 \div 7 \times 5$

৩. $6 \times 7 \div 3$

৪. $18 \times 5 \div 9$

৫. $49 \div 7 \times 9$

৬. $54 \div 6 \times 8 \div 12$

৭. $16 \times 5 \div 8 \times 3$

৮. $42 \times 6 \div 7 \times 5$

৯. $32 \div 8 \times 8 - 10$

১০. $88 - 48 \div 8 \times 7$

১১. $72 \div 8 \times 9 - 20$

১২. $90 - 25 \div 5 \times 5$

১৩. $68 \div 8 + 5 \times 8$

১৪. $8 \times 68 \div 8 - 6$

১৫. $81 \div 9 \div 3$

১৬. $15 \times 8 \times 3$

শিখন সামর্থ্য : সরলের মান নির্ণয়ে প্রথম বন্ধনী, যোগ, বিয়োগ, গুণ ও ভাগের ধারণা।

কতগুলি লজেন্স লাগবে দেখি



আজ আমাদের ক্লাসে 30 জন ছাত্রছাত্রী এসেছে। প্রথম বেঞ্চ থেকে 3 জন ও দ্বিতীয় বেঞ্চ থেকে 8 জন ছাত্রছাত্রী চলে গেল। বাকি ছেলেমেয়েদের প্রত্যেককে 2টি করে লজেন্স দেওয়া হবে।

হিসাব করি মোট কতগুলি লজেন্স লাগবে—

প্রথমে হিসাব করে দেখি মোট কতজন ছাত্রছাত্রী চলে গেল—

$$\text{প্রথম কাজ} \rightarrow \text{চলে গেল} = (\boxed{\quad} + \boxed{\quad}) \text{ জন} = \boxed{\quad} \text{ জন}$$

$$\text{দ্বিতীয় কাজ} \rightarrow \text{ক্লাসের বাকি ছাত্রছাত্রীর সংখ্যা} = (\boxed{30} - \boxed{\quad}) \text{ জন} = \boxed{\quad} \text{ জন।}$$

$$\text{এবার প্রত্যেককে } 2 \text{ টি করে লজেন্স দিলে মোট লজেন্স লাগবে} = \boxed{\quad} \times \boxed{2} \text{ টি} = \boxed{\quad} \text{ টি।}$$



গণিতের ভাষায় লেখার সময় প্রথম কাজকে **প্রথম বন্ধনীতে** লিখি আবার দ্বিতীয় কাজকে **বন্ধনীতে** লিখি। কিন্তু দ্বিতীয় বন্ধনী কেমন করে লিখব?

হাতে কলমে

দ্বিতীয় বন্ধনী “{ }” —এমনভাবে লিখব

$$3 \rightarrow \triangle \triangle \triangle$$

$$8 \rightarrow \triangle \triangle \triangle \triangle$$

$$3 + 8 \rightarrow \triangle \triangle \triangle \triangle \triangle \triangle \triangle$$

$$30 \rightarrow \boxed{10} \boxed{10} \boxed{10} \rightarrow \boxed{10} \boxed{10} \triangle \triangle$$

$$30 - (\boxed{3} + \boxed{8}) \rightarrow \boxed{10} \boxed{10} \triangle \rightarrow \boxed{10} \boxed{10} \triangle \triangle \triangle$$

$$\{30 - (\boxed{3} + \boxed{8})\} \times \boxed{2} \rightarrow \boxed{10} \boxed{10} \triangle \triangle \triangle \triangle \triangle \triangle \triangle \triangle \triangle \rightarrow \boxed{86}$$

গণিতের ভাষায় পাই—

$$\{30 - (3 + 8)\} \times 2$$

$$= \{30 - \boxed{\quad}\} \times 2$$

$$= \boxed{\quad} \times 2$$

$$= \boxed{\quad}$$

পেলাম, সরলের মান নির্ণয়ের সময়ে প্রথম ও দ্বিতীয় বন্ধনী থাকলে প্রথমে $\boxed{\quad}$ বন্ধনীর কাজ করব এবং পরে $\boxed{\quad}$ বন্ধনীর কাজ করব।

নিজে করি

- | | | |
|------------------------------|------------------------------------|---------------------------------|
| ১. $\{30 - (8 + 6)\} \div 5$ | ২. $\{83 - (28 - 10)\} + 21$ | ৩. $\{36 - (15 - 8)\} \times 7$ |
| ৪. $\{35 - (8 - 3)\} - 20$ | ৫. $\{(61 - 6) \div 11\} \times 3$ | |

শিখন সামর্থ্য : বাস্তব সমস্যার মাধ্যমে সরলের মান নির্ণয়ে দ্বিতীয় বন্ধনীর ধারণা।



কতগুলো বিস্কুট পেল দেখি



আমি ৮ প্যাকেট বিস্কুট কিনে এনে ৩ প্যাকেট তুলে রাখলাম। বাকি প্যাকেটের বিস্কুট ১০ জন ছেলেমেয়েদের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলাম। প্রত্যেক প্যাকেটে ১২টি করে বিস্কুট আছে। প্রত্যেক ছেলেমেয়ে কতগুলো করে বিস্কুট পেল হিসাব করি।

প্রথমে হিসাব করে দেখি মোট কতগুলো বিস্কুটের প্যাকেট পড়ে রইল।

$$\text{প্রথম কাজ} \rightarrow \text{পড়ে থাকা বিস্কুটের প্যাকেটের সংখ্যা} = (\boxed{\quad} - \boxed{\quad}) \text{ টি} = \boxed{\quad} \text{ টি}$$

$$\text{দ্বিতীয় কাজ} \rightarrow \text{মোট বিস্কুটের সংখ্যা} = \boxed{\quad} \times \boxed{\quad} \text{ টি} = \boxed{\quad} \text{ টি।}$$

$$\begin{aligned} \text{এবার } 10\text{ জনের মধ্যে সমান ভাগে ভাগ করে দিলে প্রত্যেকে বিস্কুট পাবে— \\ = (\boxed{\quad} \div \boxed{10}) \text{ টি} = \boxed{\quad} \text{ টি।} \end{aligned}$$

$$\begin{aligned} \text{গণিতের ভাষায় পাই—} \\ \{(8 - 3) \times 12\} \div 10 \end{aligned}$$

(নিজে করি)

নিজে করি

$$1. \{(7 + 5) \times 10\} \div 3$$

$$2. \{(9 - 3) \times 11\} - 25$$

$$3. \{72 \div (8 + 1)\} - 8$$

$$4. \{90 \div (8 + 2)\} + \boxed{\quad}$$

$$5. (13 + 15) \div 2 \times 3$$

$$6. 20 - \{\boxed{\quad} + (5 - 2)\}$$

$$7. \{17 - \{9 + 2 \times (8 - 3)\}\}$$

$$8. 62 + \boxed{\quad} + \boxed{\quad} \times (7 - 8)$$

ফাঁকা ঘরে ১ অঙ্কের সংখ্যা বসাই

সরলের মান খুঁজি

$$1. (13 + 11) \times 3$$

$$2. 12 - 14 + 22$$

$$3. 13 \times 3 + 17 \times 5$$

$$4. 20 - 28 + 32 - 20$$

$$5. (20 - 8) \times (8 - 2)$$

$$6. 20 - 8 \times (8 - 2)$$

$$7. (20 + 8) \div 8 - 2$$

$$8. 20 + 8 \div (8 - 2)$$

$$9. (20 + 8) \div (8 - 2)$$

$$10. 8 \times 16 + 7 - 25$$

$$11. 88 - 20 \times 3 + 20$$

$$12. 50 \div 5 - 18 + 12$$

$$13. 63 \div 7 \times 8 + 11$$

$$14. 9 \times 10 \div 5 \times 2 - 23$$

$$15. 81 \div 3 \times 2 + \boxed{\quad}$$

গল্প লিখি ও মান খুঁজি

$$1. (16 - 8) \times (5 - 3)$$

$$2. (16 + 8) \div 5 - 3$$

$$3. 16 + 8 \div (5 - 3)$$

$$4. (16 + 8) \div (5 - 3)$$

$$5. 16 - 8 \times (5 - 3)$$

৬. অন্য ৪টি সংখ্যা নিয়ে ইচ্ছামতো গল্প তৈরি করে কোথায় প্রথম বন্ধনী বসাব দেখি।

নিজে বসাই

শিখন সামর্থ্য : প্রথম বন্ধনী ও দ্বিতীয় বন্ধনীর সাহায্যে এবং সাহায্য ছাড়া সরলের মান নির্ণয়ের ধারণা।

অঞ্চের মজা

আমি একটা সংখ্যা নিলাম ➡ ১২

এই সংখ্যা উলটে লিখে পাই ➡ ২১

এবার ১২ কে ১২ দিয়ে গুণ করে পাই ➡ $\boxed{} \times \boxed{} = \boxed{}$

আবার, ২১ কে ২১ দিয়ে গুণ করে পাই ➡ $\boxed{} \times \boxed{} = \boxed{}$





আবার ১৪৪ কে উলটে লিখলে ৪৪১ পাই। পেলাম ১২-একটা মজার সংখ্যা।

এইরকম একটা মজার সংখ্যা খোঁজার চেষ্টা করি।







একইরকম জিনিসের দল গড়ি। ভুল করে কাকে দলের মধ্যে লিখে ফেলেছি তা খুঁজে দেখি ও লাল গোল দাগ দিই।





১।







২।







৩।



৪।



৫।



৬।

১২

২৩

৪৫

৫৭

৭।

৯৮৭

৮৭৬

৬৫৩

৭৬৫

৮।

৪৩২২

৭৫৪৪

২১০০

৫৪৩৩

৯।

EF

ON

LM

IJ

১০।

RQP

LMN

TSR




ZYX

১১।





➡ নিজে তৈরি করি।

ছবি দেখি ও ফাঁকা ঘরে পরেরটা তৈরি করি।





১







২







৩



৪






৫






৬






৭




৮



৯



বিন্যাস দেখি ও ফাঁকা ঘরে পরের দুটো লিখি।
















হারিয়ে যাওয়া সংখ্যা খুঁজি।

১।

২	৫	৭
৩	৭	৯
৮	৪	?
২	৬	৮



২।





৭।

পাশের সংখ্যার চাকায় ১ থেকে ৯ পর্যন্ত সংখ্যা এমনভাবে
বসাই যাতে প্রতি লাইনের তিনটি সংখ্যার যোগফল ১৫ হয়।





নতুন খেলা খেলি

আজ আমরা একটা নতুন মজার খেলা খেলব। আমি কিছু মজার কথা বলব, বুঝতে পার নাকি দেখি।

আমার একটা **১৬ ৫ ১৪** হারিয়ে গেছে।

তোমার **১৯ ৩ ১ ১২ ৫** আমার কাছে আছে।



সত্যি আমি কিছু বুঝতে পারছি না। তুমি কি নিজে
বুঝেছ? তাহলে আমাকে বুঝিয়ে দাও।



প্রথমে প্রত্যেক ইংরাজি letter কে সংখ্যায় নাম দিই।

A	B	C	D	E	F	G	H	I	J	K	L	M
1	2	3	4	5	6	7	8	9	10	11	<input type="text"/>	<input type="text"/>
N	O	P	Q	R	S	T	U	V	W	X	Y	Z
<input type="text"/>	<input type="text"/>	16	<input type="text"/>	22	23	24	<input type="text"/>	<input type="text"/>				

এবার বুঝেছি,

১৬ ৫ ১৪
P E N তাই তোমার পেন হারিয়ে গেছে।

১৯ ৩ ১ ১২ ৫
 L E অর্থাৎ আমার স্কেল তোমার কাছে আছে।



খুব মজার খেলা তো। আমিও তৈরি করি।

আমার দাদার নাম **৪ ৯ ১৬ ২১** কিন্তু তোমার বন্ধুর নাম **১৯ ১ ২ ১**

নিজে লিখি—


বাংলা	ইংরাজি	মজার খেলায় নতুন নাম
চেয়ার	CHAIR	৩ ৮ ১ ৯ ১৮
বল	BALL	<input type="text"/>
<input type="text"/>	<input type="text"/>	১ ১৬ ১৬ ১২ ৫
টম্যাটো	TOMATO	<input type="text"/>
আংটি	RING	<input type="text"/>
গ্লাস	GLASS	<input type="text"/>
<input type="text"/>	<input type="text"/>	<input type="text"/>

►নিজে তৈরি করি

শিখন সামর্থ্য : বিভিন্ন মজার অঙ্কের ধারণা।


চকোলেট ভাগ করে খাই

আমার চকোলেট আমি কতটা দেবো ও কতটা নিজে নেব দেখি।




$$\frac{\square}{2} \text{ অংশ}$$

$$\frac{\square}{10} \text{ অংশ} = \square \text{ অংশ}$$




$$\frac{\square}{5} \text{ অংশ}$$

$$\frac{\square}{10} \text{ অংশ} = \square \text{ অংশ}$$




$$\frac{\square}{5} \text{ অংশ}$$

$$\frac{\square}{10} \text{ অংশ} = \square \text{ অংশ}$$




$$\frac{\square}{5} \text{ অংশ}$$

$$\frac{\square}{10} \text{ অংশ} = \square \text{ অংশ}$$



$$\frac{\square}{10} \text{ অংশ} = \square \text{ অংশ}$$



$$\frac{\square}{5} \text{ অংশ}$$

$$\frac{\square}{10} \text{ অংশ} = \square \text{ অংশ}$$

শিখন সামগ্র্য : সামান্য ভগ্নাংশ ও দশমিক ভগ্নাংশের সম্পর্কের ধারণা।



আমার পাতা



এই বই তোমার কেমন লেগেছে? লিখে, এঁকে বুঝিয়ে দাও :

শি খন পরামৰ্শ

- জাতীয় পাঠক্রম বৃপ্তরেখা (NCF) - 2005-এর পরামৰ্শ এই যে শিশু যেন তার বিদ্যালয় জীবন ও বিদ্যালয়ের বাইরের জীবনের সঙ্গে সর্বদা সংযোগ ঘটাতে পারে। এই নীতি নির্দেশ করে যে শিশুর শিক্ষা যেন কেবলমাত্র বই থেকে না হয়। শুধুমাত্র বই থেকে শিক্ষা হলে শিশুর শিক্ষায় বিদ্যালয়, বাড়ি এবং সমাজ থেকে শিক্ষার ভেতর একটি ফাঁকের সৃষ্টি হয়। জাতীয় পাঠক্রম বৃপ্তরেখার এই মূল নীতির উপর ভিত্তি করেই বর্তমান পাঠক্রম, পাঠ্যসূচি ও পাঠ্যবই তৈরি করা হয়। এই নীতি আরো পরামৰ্শ দেয় যে শিশুর শিক্ষা যেন বিষয়কেন্দ্রিক না হয়। বিভিন্ন বিষয়ের মধ্যে যতটা সন্তুষ্ট সে যেন সম্পর্ক খুঁজে পায়।
- আশা করা যায়, শিক্ষক/শিক্ষিকারা যখন এই পাঠ্যবইটি ব্যবহার করবেন যতটা সন্তুষ্ট এই নীতি ও নীচের পরামৰ্শ অনুধাবন করবেন।
- বর্তমানে শিক্ষা শিশুকেন্দ্রিক। শিক্ষক/শিক্ষিকা সহায়ক মাত্র। অর্থাৎ শিশু যে জন্মের পর থেকেই বাড়ি, পরিবেশ, সমাজ থেকে অনেক কিছুই শিখে ফেলে সেটা শিক্ষক/শিক্ষিকারা খেয়াল রাখবেন। কোনো বিষয় জানানোর আগে সেই বিষয়ে শিশুর পূর্বে অর্জিত জ্ঞানের দিকে খেয়াল রেখে সহায়তা করবেন। শিশুর চিন্তা বা যুক্তি কোনোভাবে যাতে আটকে না যায়, সে যেন মুক্ত চিন্তায় যেতে পারে সেদিকে সর্বদা খেয়াল রাখবেন।
- পাঠ্যবই শিশুর শিক্ষার একটি সহায়ক মাত্র। একমাত্র সহায়ক নয়। শিশুর শিক্ষা যাতে আনন্দদায়ক হয়ে ওঠে তার জন্য বিভিন্ন শিখন সন্তারের সাহায্য নেওয়া প্রয়োজন।
- গণিত শিক্ষায়, শিশুর যেন মূর্ত বস্তু থেকে বিমূর্তের ধারণা জন্মায়। তা না হলে শিশুর কাছে গণিত বিষয় একটি ভয়ের কারণ হয়ে ওঠে।
- শিক্ষক/শিক্ষিকারা যেন শিশুর পরিচিত পরিবেশ থেকে কিছু বাস্তব সমস্যা তৈরি করে গণিতের কোনো অধ্যায় শুরু করেন। তারপর সন্তুষ্ট হলে সক্রিয়তাভিত্তিক কাজের (Activity) মাধ্যমে সেই অধ্যায় সম্পর্কে শিশুর মনে যুক্তিপূর্ণ ধারণার জন্ম দেন। শিশুর চিন্তা ও যুক্তির স্বচ্ছতা আসার পরেই যেন সে বিমূর্ত বিষয় নিয়ে কাজ করে।
- শিক্ষক/শিক্ষিকারা যেন লক্ষ রাখেন শিশু বইটি থেকে নিজে নিজেই কতদুর পর্যন্ত কোনো একটি অধ্যায় শিখতে পারে। যখন সে ওই অধ্যায়ের কোনো একটি অংশ শিখতে বাধাপ্রাপ্ত হয় তখনই তাঁরা যেন ধীরে ধীরে সহায়তা করেন, যাতে সে সমস্যাটি সমাধানের পথ নিজেই খুঁজে পায়।
- শিক্ষক/শিক্ষিকা কোনো অধ্যায় সম্পর্কে প্রথমে শিশুর কাছে এমনভাবে গল্প বলবেন যাতে শিশু প্রথমে কিছু বুঝতে না পারে যে তাকে কিছু শেখানো হচ্ছে।
- দলগত শিক্ষণ শিশুর পক্ষে শিক্ষণে যথেষ্ট সহায়ক হয়। শিক্ষক/শিক্ষিকা শ্রেণিকক্ষে সেদিকটি খেয়াল রাখবেন।
- পাঠ্যবইয়ের কোনো অধ্যায়ের নাম ‘স্কুলে টিফিল খাই’ দিয়ে অঞ্চল শুরু করা হয়েছে। এইভাবে মিষ্টি বা বিভিন্ন জিনিস ব্যবহার করতে গিয়ে শিশু আর কোথায় কোথায় অঞ্চল খুঁজে পেতে পারে সেরকম অঞ্চল তৈরি করে শিক্ষক/শিক্ষিকারা তাদের উৎসাহিত করতে পারেন। তাহলে শিশু তখন ধীরে ধীরে এভাবে অনেক বিষয়ের মধ্যে গণিত খুঁজতে চাইবে এবং গণিত বিষয়টি তার কাছে আনন্দদায়ক হয়ে উঠবে।
- শিশু যাতে মনে মনে তাড়াতাড়ি কোনো অঞ্চল করতে পারে (মানসাঙ্ক) সেদিকে শিক্ষক/শিক্ষিকারা যেন যথেষ্ট খেয়াল রাখেন। গণিতের প্রতিটি অধ্যায় থেকেই শিশু যদি মানসাঙ্ক করতে শেখে তাহলে শিশুর চিন্তা, যুক্তি ও গণনা করার ক্ষমতা তাড়াতাড়ি তৈরি হয়।

- শিশু গণিতের কোনো অধ্যায় শেখার সময় শিক্ষক/শিক্ষিকারা ওই অধ্যায়ের উপর এমনভাবে যদি একটি তালিকা তৈরি করেন যাতে ওই অধ্যায় থেকে শিশুর শিখনের ফতবুলো সম্ভাবনা থাকে সবগুলিই সে শেখে। যেমন, গুণিতকের ক্ষেত্রে
 - ১) একটি সংখ্যার শূন্য ছাড়া গুণিতকের ধারণা।
 - ২) বাস্তবে গুণিতকের প্রয়োগের ধারণা।
 - ৩) একটি সংখ্যার কতগুলি গুণিতক হতে পারে তার ধারণা।
 - ৪) দুটি সংখ্যার সাধারণ গুণিতকের ধারণা।
 - ৫) দুটি সংখ্যার সাধারণ গুণিতক কতগুলি হতে পারে তার ধারণা।
 - ৬) লবিষ্ঠ সাধারণ গুণিতকের ধারণা।
 - ৭) বাস্তবে সাধারণ গুণিতক ও লবিষ্ঠ সাধারণ গুণিতকের প্রয়োগের ধারণা।
 - ৮) একটি সংখ্যার কোনো গুণিতক থেকে কী কী গুণনীয়ক পাওয়া যাবে তার ধারণা।
- যে-কোনো অধ্যায়ের কিছু Open ended প্রশ্ন থাকা প্রয়োজন।
 - ক) যেমন দুটি সংখ্যার চারটি সাধারণ গুণিতক লেখো।
 - খ) তিনটি সংখ্যা, ভাগ চিহ্ন ও গুণ চিহ্ন দিয়ে সরল অঙ্ক তৈরি করো যার সরল মান ১৪ হবে।
- এরকম সম্ভাবনা শিক্ষক /শিক্ষিকারা নিজেরা আরও তৈরি করলে তাঁদের পক্ষে শিশুর সার্বিক নিরবচ্ছিন্ন মূল্যায়নে (CCE) সুবিধা হবে।
- শিশুর কাছে কোনো গাণিতিক পরিভাষা বা চিহ্ন নির্দেশ আকারে প্রথম থেকে না আনাই ভালো যেটা শিশুর শিখনে প্রথমে প্রতিবন্ধকতার সৃষ্টি করে। যেমন শিশুকে প্রথমেই ≠ চিহ্ন না জানিয়ে যদি শিক্ষক/শিক্ষিকারা কতকগুলো গল্পের মধ্যে দিয়ে অসমানের ধারণা দেন যেমন বৃপ্তির বাস্তুর পেনসিলের সংখ্যা ও নাসিমার বাস্তুর পেনসিলের সংখ্যা সমান নয়, তাহলে শিশুর শিখন ভালো হয়। এরকম অসমানের গল্প বলে তারপর এই অসমান কথাটিকে যদি তারা গাণিতিক চিহ্নে বৃপ্তান্তরিত করেন তাহলে শিশুর পক্ষে বুবাতে সুবিধা হয়।
- গণিতের কোনো প্রক্রিয়া শিশু যেন না বুঝে মুখস্থ করে না নেয়। প্রত্যেকটা প্রক্রিয়া যেন সে যুক্তি দিয়ে বুবাতে পারে কেন হয়। শিক্ষক/শিক্ষিকারা সেদিকে যেন যথেষ্ট খেয়াল রাখেন। যেমন যোগ, বিয়োগ, গুণের ক্ষেত্রে কাজ শুরু ডানদিক থেকে কিন্তু ভাগের ক্ষেত্রে শুরু হয় বাঁদিক থেকে। শিশু যেন সক্রিয়তাভিক কাজের ভেতর দিয়ে এরকম কেন হয় সেটা যুক্তি সহকারে বুবাতে পারে।
- শ্রেণিকক্ষে শিক্ষক/শিক্ষিকার দেওয়া কোনো অঙ্ক কোনো শিশু তাড়াতাড়ি সমাধান করে যেন চুপ করে বসে না থাকে। যে শিশু তাড়াতাড়ি অধ্যায়টি বুঝে এগিয়ে যাচ্ছে শিক্ষক/শিক্ষিকারা তাকে আরও কঠিন থেকে কঠিনতর যুক্তি নির্ভর অঙ্ক দিয়ে এগিয়ে দেবেন আর যে ধীরে ধীরে এগোচ্ছে তাকে ধীরে ধীরে যুক্তির বিকাশ ঘটিয়ে ওই অধ্যায়ের যে সামর্থ্য কাম্য সেটায় পোঁচ্ছেতে সাহায্য করবেন।
- মাঝে মাঝে বইয়ের মধ্যে শিখন সামর্থ্য লেখা আছে। এর অর্থ এই নয় যে ওই সামর্থ্য পোঁচে গেলেই শিশুর শিক্ষা সম্পূর্ণ হয়ে গেল। বর্তমান শিক্ষায় শিশুর জানার আগ্রহ কোথাও যেন আটকে না থাকে। অর্থাৎ শিশুকে আরও জানার দিকে শিক্ষক/শিক্ষিকা এগিয়ে দেবেন।
- শ্রেণিকক্ষের ও বাস্তবের সমস্যা বুঝে শিক্ষক/শিক্ষিকারা নিজেরাই শিশুর যুক্তিপূর্ণ আনন্দদায়ক শিক্ষার জন্য পাঠ্যবইটিকে আরও কেমন করে ভালোভাবে ব্যবহার করা যাবে সেটিরও পরামর্শ জানাবেন।

পাঠ পরিকল্পনা

মাস	বিষয়	পৃষ্ঠা
জানুয়ারি	আগের পড়া মনে করি	১
	মাঠে লোক গুনি	৩০
	পরিযায়ী পাথির সংখ্যা জানি	৩৮
ফেব্রুয়ারি	লোকাল ট্রেনে যাই	৪৪
	বইমেলায় বই খুঁজি	৪৭
	রঙিন কার্ড নিয়ে খেলি	৫০
	বিশ্ব পরিবেশ দিবস পালন করি	৫৪
	দাদুর সাথে বাজারে যাই	৬০
মার্চ	ব্যাঙের লাফ দেখি	৬৬
	ম্যাজিক দেখি	৮১
	মুনিয়া কত ছোটো দেখি	৮৮
	দাদুর বাড়ি যাই	৯২
	স্কুলে টিফিন খাই	১০২
এপ্রিল	নাড়ু ভাগ করে খাই	১০৮
	কতটা রং করলাম দেখি	১১০
	কে বেশি পেল দেখি	১১৪
মে	পেনসিল নিয়ে খেলি	১২৭
	কোনটি বেশি ভারী দেখি	১৪১

মাস	বিষয়	পৃষ্ঠা
জুন	বাটিতে দুধ ঢালি	১৪৭
	নিজের খুশিমতো রং করি	১৫৬
জুলাই	মাঠে টিফিন ভাগ করে খাই	১৫৯
	স্কুলের অনুষ্ঠান করি	১৬৮
আগস্ট	রঙিন কার্ডের খেলা	১৭৯
	দল গড়ে খেলি	১৮৭
সেপ্টেম্বর	আকার তৈরি করি	২০২
	ছবির চারধার মুড়ে দিই	২০৮
	কাঁচা আমমাখা খাই	২১৫
অক্টোবর	মায়ের সঙ্গে বাজারে যাই	২২৪
	বাক্স ও মোম রং দেখি	২২৬
নভেম্বর	দোকান থেকে খাতা কিনি	২২৮
	কত পড়ে থাকে দেখি	২৩০
ডিসেম্বর	অঙ্কের মজা	২৩৫
	চকোলেট ভাগ করে খাই	২৪০

